


বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা

মুজিব শতবর্ষ- ২০২০ উৎযাপনে গৃহিত কর্মসূচীর প্রতিবেদন


স্বাধীনতার মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী উৎযাপন উপলক্ষে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা বছর ব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহন করেছে। কর্মসূচীর উল্লেখযোগ্য অংশ হিসেবে কেন্দ্রের সম্মুখ ভাগের সীমানা প্রাচীর এবং মূল প্রবেশদ্বার রং (চুন কাম) করা হয়েছে। মূল ফটকে বিভিন্ন কর্মসূচীর ব্যানার/প্যানা টানানোর জন্য স্থায়ী কাঠামো নির্মান করা হয়েছে।



মূল ফটকের দুই পাশে দুইটি বিল বোর্ড স্থাপন করা হয়েছে। যার একটিতে বাঙ্গালী জাতির জনকের জন্ম শতবার্ষিকির বৃহদাকার পোষ্টার/প্যানা টানানো হয়েছে। অপরটিতে জাতির জনকের জন্ম শতবার্ষিকি বছরে পালিত মৎস্য সপ্তাহ-২০২০ এ অত্র কেন্দ্রের উল্লেখযোগ্য গবেষণা সাফল্য উপস্থাপন করা হয়েছে।




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষ্যে ১৫/০৮/২০২০ ইং তারিখে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, লোনাপানি কেন্দ্রে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ করে উত্তোলন করা হয়। ঐ দিন কেন্দ্রের সকল জনবল কালো ব্যাজ ধারণের মাধ্যমে শোক পালন করে। পরবর্তীতে লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা-এর পক্ষ হতে শোক র্যালির মাধ্যমে পাইকগাছা উপজেলা প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনশ্র শ্রদ্ধাঞ্জলী জানানো হয়। উক্ত দিন বাদ যোহর লোনাপানি কেন্দ্রের জামে মসজিদে আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে জাতির জনকসহ ১৫ আগস্টে নিহত সকল শহীদদের রুহের মাগফেরাত কামনা করা হয়। উক্ত কর্মসূচীসমূহে লোনাপানি কেন্দ্রের প্রধানসহ সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, লোনাপানি কেন্দ্র, পাইকগাছা, খুলনা কর্তৃক বিগত ২০.০৮.২০২০ ইং তারিখে কেন্দ্রের প্রধান ফটক হতে শুরু করে অফিস ভবন, রেস্ট হাউজ এবং আবাসিক এলাকার রাস্তার দুইপাশে ৫০০ টি শোভা বর্ধক বৃক্ষের চারা রোপন কর্মসূচী পালন করা করা হয়। উক্ত বৃক্ষ রোপন কর্মসূচীতে কেন্দ্র প্রধানসহ সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত থেকে বৃক্ষ রোপন করেন।



এছাড়া, লোনাপানি কেন্দ্র, পাইকগাছা হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে গৃহীত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে ভ্রাম্যমান মৎস্য ক্লিনিকের মাধ্যমে খুলনা জেলার পাইকগাছা, কয়রা ও ডুমুরিয়া এবং সাতক্ষীরা জেলার সদর উপজেলায় মৎস্য চাষীদের ঘের ও পুকুর সরেজমিনে পরিদর্শন, মাটি ও পানির গুণাগুণ পরীক্ষাপূর্বক মাছ/চিংড়ি/কাঁকড়া চাষ, খাদ্য ব্যবস্থাপনা এবং রোগ সম্পর্কে পরামর্শ-সেবা প্রদান করা হয়।





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে ড্রাম্যামান মৎস্য ক্লিনিকের মাধ্যমে তাৎক্ষণিক সেবা প্রদান কর্মসূচী বছর ব্যাপি চলমান রেখে পর্যায়ক্রমে খুলনা ও সাতক্ষীরা জেলার প্রতিটি উপজেলায় অন্ততঃ একবার করে সেবা প্রদান করার জন্য পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রের নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রমকে জোরালো করা হয়েছে এবং বছর ব্যাপি চলমান রাখার পরিকল্পনা গ্রহন করা হয়েছে।



এছাড়াও আশু বাস্তুবায়নযোগ্য কর্মসূচী হিসেবে কেন্দ্রের মূল ফটক হতে শুরু করে ক্যাম্পাসের রাস্তার দুই পাশে অবস্থিত গাছসমূহের গোড়া রং করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে যা বর্ষা মৌসুম শেষ হওয়ামাত্র কার্যকর করা হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রের কাঁকড়া হ্যাচারিতে উৎপাদিত পোনা ক্ষুদ্র পরিসরে চাষীদের মাঝে বিতরণের মাধ্যমে উদ্ভূদ্ধকরন কর্মসূচীও হাতে নেয়া হয়েছে।